দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার কর্মসূচী

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ভর্তি ও পরীক্ষার সময়সূচি : অর্থনীতি বিভাগ : চ:বি, ১৯৯৭-৯৮ শিক্ষা-বর্ষে অর্থনীতি বিভাগে এম,এসএস শেষ পর্ব কোর্সে সাময়িকভাবে ভর্তির জন্য দুইশত টাকা বিলম্ব ফিসহ ভর্তির সময়সীমা আগামী ৪ঠা সেপ্টেম্বর পর্যন্ত বৃদ্ধি করা হইয়াছে।

গণিত বিভাগ : চ,বি গণিত বিভাগের ৩য় বর্ষ বি,এসসি সম্মান (পুরাতন) ১৯৯৭-এর পরীক্ষা আগামী ৭ই সেপ্টেম্বর হইতে ২১শে সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ৯: ৩৫টা হইতে শুরু হইবে। সমাজতত্ত্ব বিভাগ : চ, বি সমাজতত্ত্ব বিভাগের ১ম বর্ষ বি, এস,এস সম্মান ১৯৯৯-এর পরীক্ষা আগামী ১৪ই অক্টোবর হইতে। ২য় বর্ষ বি,এস,এস সম্মান-এর পরীক্ষা ১২ই নভেম্বর হইতে ৩য় বর্ষ বি-এস এস সম্মান-১৯৯৮-এর পরীক্ষা ১৮ই নভেম্বর হইতে এম, এস, এস শেষ পর্ব ১৯৯৭-এর পরীক্ষা ১৫ই জানুয়ারী ২০০১ সাল হইতে শুরু হইবে। আরবী ও ইস: স্টাডিজ বিভাগ : চবি ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে আরবী ও ইসলামী স্টাডিজ বিভাগে মাষ্টার ডিগ্রী শেষ পর্ব কোর্সে সাময়িকভাবে ভর্তির জন্য দুইশত টাকা বিলম্ব ফিসসহ ভর্তির সময়সীমা ৩১শে আগষ্ট পর্যন্ত বৃদ্ধি করা হইয়াছে।

বিভিন্ন ভাষায় সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি : চ-বির ১৯৯৯-২০০০ শিক্ষা বর্ষে এক বৎসর মেয়াদী কলা অনুষদের অন্তর্গত ফরাসী, জার্মান, রুশ, আধুনিক আরবী, কথ্য ইংরেজী ও সংস্কৃতি ভাষা কোর্সে ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র ১৪ই নভেম্বর তারিখের মধ্যে কলা অনুষদের ডীন অফিসে জমা দিতে হইবে। একই শিক্ষা বর্ষে একাধিক ভাষা কোর্সে কোন শিক্ষার্থীকে ভর্তি করা হইবে না। যাহারা এইচ এস সি বা ইহার সমতুল্য কোর্স পাস করিয়াছে, তাহারা সার্টিফিকেট কোর্সে ভর্তির যোগ্য, উল্লিখিত ভাষায় সার্টিফিকেট কোর্সে যাহারা পাস করিয়াছে তাহারা সংশ্লিষ্ট বিষয় ডিপ্লোমা কোর্সে ভর্তির যোগ্য।